

মেহেরপুর উপজেলা পরিষদ, জেলা-মেহেরপুর।

উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও পানি সরবরাহ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

তারিখ : ৩১-০৩-২০২২ খ্রিস্টাব্দ, সময় : সকাল ১১.৩০ ঘটিকা।

স্থান : উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর।

সভাপতি : মোছাঃ লতিফুন নেছা লতা

অংশগ্রহণকারীর তালিকা : [হাজিরা শীট সংযুক্ত]

চেয়ারপারসনের শুভেচ্ছা বক্তব্য : সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
০১	কার্যবিবরণী পাঠ ও দৃঢ় করণ	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ৩০-১২-২০২১ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন ও পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী ছাড়া তা দৃঢ় করণ করা হয়।	কার্যবিবরণীটি কোনরূপ সংশোধনী ছাড়া দৃঢ় করণ করা হলো।	-
০৩	অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কমিউনিটি বেইজড নলকূপের এর বরাদ্দ নিয়ে আলোচনা	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান ২০২০-২১ খ্রিস্টাব্দ অর্থবছরে অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মেহেরপুর সদর উপজেলায় ১৮ (আঠার) টি কমিউনিটি বেইজড নলকূপের এর বরাদ্দ পাওয়া গেছে।	বরাদ্দকৃত পানির উৎসের ট্রেডার প্রক্রিয়া চলমান আছে। প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগের মাধ্যমে সাইট প্রাপ্তি সাপেক্ষে স্থাপনের কাজ শুরু করার জন্য সভার পক্ষ হতে সুপারিশ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জগন্নাথ এবং সংশ্লিষ্ট জনপ্রতিনিধিগণ মেহেরপুর সদর।
০৪	সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কমিউনিটি নলকূপ স্থাপনের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান ২০২০-২১ খ্রিস্টাব্দ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মেহেরপুর সদর উপজেলায় 'সাবমার্সিবল পাম্পযুক্ত ৯০ (নব্বই) টি এবং ৪০ (চল্লিশ) টি অগভীর নলকূপের কাজ প্রায় শেষের দিকে। অবশিষ্ট কাজ দ্রুত বাস্তবায়ন করা হবে।	বরাদ্দকৃত পানির উৎস স্থাপনের কাজ অতি দ্রুত বাস্তবায়নের জন্য সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জগন্নাথ মেহেরপুর সদর।
০৫	উপজেলা পরিষদের অর্থায়নের আর্সেনিক পরীক্ষা	পানিতে আর্সেনিকের মাত্রা নির্ণয়ের জন্য উপজেলা পরিষদের পক্ষ হতে কীট বক্স সরবরাহ করায় বর্তমানে পানি পরীক্ষার কাজ চলমান আছে।	পানিতে আর্সেনিকের মাত্রা যথাযথভাবে নির্ণয় করার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর।

ক্রমিক ন	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
০৬	পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের বরাদ্দ/অগ্রগতি	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান ২০২০-২১ খ্রিস্টাব্দ অর্থবছরে পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় মেহেরপুর সদর উপজেলায় ০৭ (সাত) টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। পানির উৎসের ট্রেডার প্রক্রিয়া চলমান আছে।	টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হলে বরাদ্দকৃত পানির উৎসের কাজ সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগের মাধ্যমে সাইট প্রাপ্তি সাপেক্ষে স্থাপনের কাজ শুরু করার জন্য সভার পক্ষ হতে সুপারিশ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জঃস্বঃপ্র এবং সংশ্লিষ্ট জনপ্রতিনিধিগণ মেহেরপুর সদর।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শেষ করেন।

পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত সদস্য গণের নামের তালিকাঃ


ক্রমিক নং	নাম ও পদবী	দপ্তরের নাম
০১	মোছাঃ লতিফুন নেছা লতা মহিলা ভাইস চেয়ারম্যান	ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর।
০২	ডাঃ অলোক কুমার দাশ উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা	স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার কার্যালয়, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৩	মোঃ হেন্দা বেগম ইউপি চেয়ারম্যান	কুতুবপুর ইউনিয়ন পরিষদ, মেহেরপুর সদর।
০৪	সদস্য সমবায় কর্মকর্তা	সমবায় কর্মকর্তার কার্যালয়, মেহেরপুর সদর, মেহেরপুর।
০৫	মোঃ আব্দুল গাফফার উপ-সহকারী প্রকৌশলী	উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর, মেহেরপুর।

(মোছাঃ লতিফুন নেছা লতা)
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও পানি সরবরাহ স্থায়ী কমিটি
মেহেরপুর সদর, মেহেরপুর।

২১-০৩-২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা, মেহেরপুর।



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৩.৫৭৮৭.৪০১.৩৭.০০১.১৫-২৫১

তারিখ: ৩১-০৩-২০২২ খ্রিস্টাব্দ।

বিতরণ:

- (১) উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
- (২)..... সদস্য, স্ট্যান্ডিং কমিটি।

অবগতির জন্য অনুলিপি:

১. মাননীয় সংসদ সদস্য, মেহেরপুর-১
২. স্থানীয় সরকার বিভাগ
৩. ডিপুটি কমিশনার
৪. পরিচালক, স্থানীয় সরকার
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর।
৭. উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর।
৮. অফিস ফাইল/ নথি

31-03-2022

(মোঃ আব্দুল গাফফার)

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

ও

সদস্য সচিব

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটি
সদর উপজেলা, মেহেরপুর